গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ বাজেট পর্যালোচনা সংক্রান্ত বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শাহনাজ আরেফিন এনডিসি<br>সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| সভার তারিখ | : | ২৯ জানুয়ারি ২০২৩ |
| সময় | : | দুপুর ১২:৩০ মিনিট |
| স্থান | : | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-এ) এবং অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | : | সংযুক্ত |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ বাজেট উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।

৩.০ উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত নিম্নরূপে উপস্থাপন করেন:

**অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুযায়ী রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০২২-২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ ও ২০২৫-২৬ | |
|---|---|---|---|---|---|
| ১৬ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ৫,১৩.০০ | ৫,৬৪.০০ | ৬,২১.০০ | ৬,৮৩.০০ |

**অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০২২-২৩ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২৫ ও ২০২৫-২৬ | |
|---|---|---|---|---|---|
| ১১৬ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ৪০৯,৯৯.০০ | ৪১২,৪৪.০০ | ৪৬৯,৪০.০০ | ৫১৫,৮৭.০০ |

সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ:

| কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ |
|---|---|---|
| ১১৬ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | ২৪,২৭.০০ |

৪.০ সভায় অর্থ বিভাগ হতে জারিকৃত ২৬ ডিসেম্বর ২০২২ তারিখের পরিপত্রে সন্নিবেশিত প্রস্তাবসমূহ পর্যালোচনাপূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি ও ব্যয় প্রাক্কলন এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নরূপে উপস্থাপন করা হয়:

রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা:

**(অংকসমূহ লক্ষ টাকায়)**

| ক্র.নং | বিভাগ/সংস্থা | ২০২২-২৩ অর্থবছরে লক্ষ্যমাত্রা | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিবালয়) | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| ২ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো | ৫০৩.০০ | ৫৫৪.০০ | ৬১১.০০ | ৬৭৩.০০ |
| | মোট | ৫১৩.০০ | ৫৬৪.০০ | ৬২১.০০ | ৬৮৩.০০ |

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিবালয়) এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি বিভিন্ন খাত যেমন: সঠিকভাবে ভাড়া আদায়, অকেজো ও পুরাতন মালামাল বিক্রয় এবং পুরাতন গাড়ী বিক্রয়সহ প্রকাশনাসমূহ অনলাইনে বিক্রয়ের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পরামর্শ প্রদান করেন।

৫.০ পরিচালন ব্যয়সীমা:

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র. নং | মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর | ২০২২-২৩ অর্থবছরের বাজেট | প্রস্তাবিত বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিবালয়) | **১৮৩১.৯৫** | ১৩৭৪.৫০ | ১৪১০.৮০ | ১৪৪৭.১৫ |
| ২ | সরকারি কর্মচারীদের ঋণ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা | ৪৬.৭৫ | ৫৭.৮৫ | ৫৭.৮৫ | ৫৭.৮৫ |
| | উপমোট | ১৮৭৮.৭০ | ১৪৩২.৩৫ | ১৪৬৮.৬৫ | ১৫০৫.০০ |
| ৩ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (প্রধান কার্যালয়) | ৭৯৫৬.৬৫ | ৮২৬১.১৫ | ৮৮০২.৬৫ | ৯৪০২.৬৫ |
| ৪ | বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৪৯০.৮০ | ৫১৩.০০ | ৫৪৯.৫৫ | ৫৯১.৩০ |
| ৫ | জেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৩৭৫৭.৫০ | ৪২৫৯.৫০ | ৪৫০৮.৫০ | ৪৭১৬.৫০ |
| ৬ | উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ১০৫৪৬.৫০ | ১০৩৭০.৫০ | ১০৮৯১.৫০ | ১১৩৫৪.৫০ |
| ৭ | মেট্রোপলিটান থানা পরিসংখ্যান কার্যালয়সমূহ | ৯৬৮.৮৫ | ৭৮০.৫০ | ৮৩০.০০ | ৯০২.০০ |
| ৮ | নমুনা জরিপ সাধারণ থোক বরাদ্দ | ১৫০০.০০ | ১৫০০.০০ | ১৫,০০.০০ | ১৫০০.০০ |
| | উপমোট | ২৫২২০.৩০ | ২৫৬৮৪.৬৫ | ২৭০৮২.২০ | ২৮৪৬৬.৯৫ |
| | মোট | ২৭০৯৯.০০ | ২৭১১৭.০০ | ২৮৫৫০.৮৫ | ২৯৯৭১.৯৫ |

সভায় পরিচালন ব্যয়ের কোডভিত্তিক আলোচনায় জানানো হয় যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের (সচিবালয়) ১৮ জন কর্মচারীর বেতন ভাতা, আউটসোর্সিং খাতে (৩২১১১৩১) ১৭ জন কর্মচারীর জন্য ৩৬.৯৩ লক্ষ (ছত্রিশ লক্ষ তিরানব্বই হাজার) টাকা এবং অফিসে নিয়োজিত কর্মকর্তার সংখ্যা, সংস্কার কার্যক্রম এবং ২০২২-২৩ অর্থবছরে অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী কতিপয় খাতে ক্রয় কার্যক্রম বন্ধ থাকায় কম্পিউটার ও আনুষাঙ্গিক খাতে (৪১১২২০২) ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) টাকা, অফিস সরঞ্জামাদি খাতে (৪১১২৩১০) ১২.০০ লক্ষ (বারো লক্ষ) টাকা এবং আসবাবপত্র খাতে (৪১১২৩১৪) ১৬.০০ লক্ষ (ষোল লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ের অনুকূলে পরিসংখ্যান ভবনের ২ (দুই) টি লিফ্‌ট ক্রয়ের জন্য অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি খাতে (৪১১২৩১৬) ৩,৫০.০০ লক্ষ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।

অনলাইন প্লাটফর্ম জুমে অংশগ্রহণ করত: অর্থ বিভাগের খাতওয়ারী বরাদ্দের প্রস্তাবনার ক্ষেত্রে যুগ্মসচিব জানান যে, খাতওয়ারী বরাদ্দের প্রস্তাবনার ক্ষেত্রে যৌক্তিকতা ও সরকারের কৃচ্ছসাধনের দিকে নজর দেয়া প্রয়োজন। এ বিষয়ে সভাপতিসহ উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং কম্পিউটার ও আনুষাঙ্গিক খাতে (৪১১২২০২) ২০.০০ লক্ষ (বিশ লক্ষ) টাকার পরিবর্তে ১৫.০০ (পনেরো লক্ষ) টাকা এবং আসবাবপত্র খাতে (৪১১২৩১৪) ১৬.০০ লক্ষ (ষোল লক্ষ) টাকার পরিবর্তে ১২.০০ (বারো লক্ষ) টাকা নির্ধারণ করা যেতে পারে।

৬.০ উন্নয়ন ব্যয়সীমা:

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্র. নং | প্রকল্পসমূহের নাম, বরাদ্দ ও বাস্তবায়নকাল (অনুমোদিত, সংশোধিত ও চলামন): | ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলন | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | প্রকল্প সাহায্য | মোট | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ন্যাশনাল স্ট্রাটেজি ফর দি ডেভেলপমেন্ট অব স্ট্যাটিসটিক্স ইমপ্লিমেন্টেশন সাপোর্ট প্রকল্প (অনুমোদিত মার্চ ২০১৮ হতে ফেব্রুয়ারি ২০২৩, সংশোধিত প্রস্তাব মার্চ ২০১৮ হতে জুন ২০২৪) | ৩৪২.০০ | ৩৩৮৩.০০ | ৩৭২৫.০০ | | |
| ২ | জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প (জুলাই ২০১৯ হতে জুন ২০২৪) | ১২৮৭২.০০ | | ১২৮৭২.০০ | | |
| ৩ | পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ পরিসংখ্যান শক্তিশালীকরণ প্রকল্প (অনুমোদিত জুলাই ২০১৯ হতে জুন ২০২৩, সংশোধিত প্রস্তাব জুলাই ২০১৯ হতে জুন ২০২৫ ) | ৯৩২.০০ | | ৯৩২.০০ | ২,৫৭.০০ | |
| ৪ | খানার আয় ও ব্যয় জরিপ ২০২০-২১ প্রকল্প ((জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৩) | ৩৮৮.০০ | | ৩৮৮.০০ | | |
| ৫ | শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প (জুলাই ২০২০ হতে জুন ২০২৪) | ৫০৯.০০ | | ৫০৯.০০ | ৬,১৫.০০ | |
| ৬ | খাদ্য নিরাপত্তা পরিসংখ্যান প্রকল্প ২০২২ (জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২৩) | ৩০৬.০০ | | ৩০৬.০০ | | |
| ৭ | স্যাম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) ইন ডিজিটাল প্ল্যাটফর্ম প্রকল্প (জুলাই ২০২১ হতে ডিসেম্বর ২০২৩) | ২৫১৯.০০ | | ২৫১৯.০০ | ৩৩০৫.০০ | |
| | উপমোট | ১৭৮৬৮.০০ | ৩৩৮৩.০০ | ২১২৫১.০০ | ৪১৭৭.০০ | |
| ৮ | অননুমোদিত প্রকল্পের জন্য থোক বরাদ্দ (সচিবালয়) | | | | ১৪২১২.১৫ | ২১৬১৫.০৫ |
| | মোট উন্নয়ন | ১৭৮৬৮.০০ | ৩৩৮৩.০০ | ২১২৫১.০০ | ১৮৩৮৯.১৫ | ২১৬১৫.০৫ |
| | **সর্বমোট (পরিচালন ও উন্নয়ন)** | | | **৪৮৩৬৮.০০** | **৪৬৯৪০.০০** | **৫১৫৮৭.০০** |

২০২৩-২৪ অর্থবছরে চলমান ৭ টি উন্নয়ন প্রকল্পের চাহিদা ২১২,৫১.০০ লক্ষ (দুইশত বারো কোটি একান্ন লক্ষ) টাকা তন্মধ্যে জিওবি ১৭৮,৬৮.০০ (একশত আটাত্তর কোটি আটষট্টি লক্ষ) টাকা এবং প্রকল্প সাহায্য ৩৩,৮৩.০০ লক্ষ (তেত্রিশ কোটি তিরাশি লক্ষ) টাকা। অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং থেকে অতিরিক্ত চাহিদা (৪৮৩,৬৮.০০-৪১২,৪৪.০০)= ৭১,২৪.০০ লক্ষ

(একাত্তর কোটি চব্বিশ লক্ষ) টাকা। তন্মধ্যে জিওবি ফান্ড হতে ৬১,৬৮.০০ লক্ষ (একষট্টি কোটি আটষট্টি লক্ষ) টাকা এবং প্রকল্প সাহায্য খাত থেকে ৯,৫৬.০০ লক্ষ (নয় কোটি ছাপ্পান্ন লক্ষ) টাকার অতিরিক্ত বরাদ্দ হিসেবে প্রয়োজন রয়েছে।

সিলিং এর অতিরিক্ত অর্থ আইবাস++ এন্ট্রি করা সম্ভব হবে না বিধায় ২০২৩-২৪ অর্থবছরের অতিরিক্ত চাহিদা ৭১,২৪.০০ লক্ষ (একাত্তর কোটি চব্বিশ লক্ষ) টাকার মধ্যে 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের অনুকূলে ১২৮,৭২.০০ লক্ষ টাকার পরিবর্তে জিওবি ফান্ডের ৬৭,০৪.০০ লক্ষ (সাতষট্টি কোটি চার লক্ষ) এবং 'ন্যাশনাল স্ট্রাটেজি ফর দি ডেভেলপমেন্ট অব স্ট্যাটিসটিক্স ইমপ্লিমেন্টেশন সাপোর্ট' প্রকল্পের অনুকূলে প্রকল্প সাহায্য খাত হতে ৩৩,৮৩.০০ লক্ষ (তেত্রিশ কোটি তিরাশি লক্ষ) টাকার পরিবর্তে ২৪,২৭.০০ লক্ষ (চব্বিশ কোটি সাতাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান এবং উন্নয়ন প্রকল্পের চাহিদা অনুযায়ী সিলিং এর অতিরিক্ত বরাদ্দের বিষয়ে ডি.ও পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

৭.০ উপসচিব (বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) আরো জানান যে, পরিকল্পনা কমিশনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অননুমোদিত ১২টি উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে সিলিং কম হওয়ায় অননুমোদিত উন্নয়ন প্রকল্পের কোন থোক বরাদ্দ রাখা হয়নি। প্রস্তাবিত অননুমোদিত উন্নয়ন প্রকল্পের তালিকা নিম্নরূপ:

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম ও মেয়াদকাল | মোট প্রকল্প বরাদ্দ প্রস্তাব |
|---|---|---|
| ০১ | স্ট্রেনদেনিং ইন্সটিটিউশনাল ক্যাপাসিটি অব বিবিএস অন ডাটা ক্যাপচারিং এন্ড এনালাইসিস অব সেন্সাসেস এন্ড সার্ভেস, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৪-২০২৩ থেকে ৩১-০৩-২০২৪। | ২,৫৫.০০ |
| ০২ | ন্যাশনাল স্ট্যাটিসটিক্যাল ডাটা ওয়ার হাউস এন্ড বিগ ডাটা এনালাইসিস প্লাটফর্ম প্রকল্প প্রস্তাবিত মেয়াদ: ০১-০১-২০২৩ থেকে ৩১-১২-২০২৬। | ৯১,২৯.০৮ |
| ০৩ | সিটিজেন পারসেপশন হাউজহোল্ড সার্ভে প্রকল্প, প্রস্তাবিত মেয়াদ: ০১-০১-২০২৩ থেকে ৩১-১২-২০২৫। | ১৮১,৬.৭১ |
| ০৪ | আঞ্চলিক মোট দেশজ উৎপাদন (RGDP) সম্পৃক্তকরণের মাধ্যমে ত্রৈমাসিক মোট দেশজ উৎপাদন (QGDP) প্রাক্কলন শীর্ষক প্রকল্প, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৮। | ৪৯,৮৩.০০ |
| ০৫ | অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, প্রস্তাবিত মেয়াদ: ০১-০১-২০২৩ থেকে ৩০-০৬-২০২৫। | ৬৫৫,৫৮.৩৬ |
| ০৬ | জেলা ভিত্তিক তৃণমূল উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে ডাটাবেইজ আধুনিকায়ন মাগুরা ও কুড়িগ্রাম জেলা শীর্ষক প্রকল্প, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭ ২০২৩ থেকে ৩০-০৬ ২০২৬ পর্যন্ত। | ৪৮,০০.০০ |
| ০৭ | বাংলাদেশ শিল্প পরিসংখ্যান উন্নতকরণ (আইআইএসবি) প্রকল্প, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৬। | ২৭,৩৮.৬৮ |
| ০৮ | বাংলাদেশ জনতত্ত্ব ও স্বাস্থ্য পরিসংখ্যান উন্নতকরণ শীর্ষক প্রকল্প প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৬। | ২৩,৫০.৫০ |
| ০৯ | ইন্টিগ্রেটিং জিও স্পেশিয়াল ইনফরমেশন উইথ জেন্ডার এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স ইন বিবিএস প্রজেক্ট, প্রস্তাবিত মেয়াদ: ০১-৭-২০২২ থেকে ৩০-০৬-২০২৭। | ১৩,৯৭.৪৪ |
| ১০ | এডুকেশন হাউসহোল্ড সার্ভে প্রজেক্ট, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩১-০৬-২০২৫। | ১২,৫৩.২৩ |
| ১১ | এসডিজি ডাটা রিপোর্টিং সমন্বয়ের নিমিত্ত জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালীকরণ, প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৬-২০২৬। | ৮,০০.০০ |
| ১২ | স্ট্রেনদেনিং জিআইএস & জিও কোডিং সিস্টেমস্ অব বিবিএস প্রকল্প প্রস্তাবিত মেয়াদ: ০১-০৭-২০২৩ থেকে ৩০-০৭-২০২৫। | ১৫,০০.০০ |

৮.০ নমুনা জরিপ সাধারণ থোক বরাদ্দের বিষয়ে তিনি জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিবালয়) এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো হতে নিম্নবর্ণিত তালিকা পাওয়া গিয়েছে:

(অংকসমূহ লক্ষ টাকায়)

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দ প্রস্তাব |
|---|---|---|
| ০১ | ন্যাশনাল পপুলেশন রেজিস্টার (এনপিআর) প্রণয়ন নমুনা জরিপ (জানুয়ারি ২০২৩ হতে জুন ২০২৪) | ২,৩৭.০০ |
| ০২ | ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩ (জানুয়ারি ২০২৩ হতে জুন ২০২৪) | ৮,৩৩.৭৩ |
| ০৩ | রেমিটেন্স সার্ভে ২০২৩ (জুলাই ২০২৩ হহে জুন ২০২৪) | ৫,০০.০০ |
| ০৪ | ন্যাশনাল ওয়াশ একাউন্টস সার্ভে ২০২৩ (জুলাই ২০২৩ হতে জুন ২০২৪) | ৫,০০.০০ |
| | মোট | ২০,৭০.৭৩ |

৯.০ সভায় যুগ্মসচিব, অর্থ বিভাগ জানান যে, সিলিং এর মধ্যে থেকে বাজেট প্রণয়ন করতে হবে। তবে, সিলিং এর অতিরিক্ত চাহিদা থাকলে ত্রি-পক্ষীয় সভায় আলোচনা এবং যৌক্তিকতা দিয়ে অর্থ বিভাগে ডি.ও পত্র প্রেরণের বিষয়ে মতামত প্রদান করেন।

১০.০ সভায় ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রধান কার্যালয়ের অনুকূলে নমুনা জরিপ সাধারণ থোক বরাদ্দ হতে পুনঃউপযোজনের মাধ্যমে 'ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩' কার্যক্রমের জন্য ১২২.৬১ লক্ষ (এক কোটি বাইশ লক্ষ একষট্টি হাজার) টাকা এবং 'বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এবং সার্টিফিকেট ম্যানেজমেন্ট' কার্যক্রমের জন্য ২৩৯.৫৬ লক্ষ (দুই কোটি উনচল্লিশ লক্ষ ছাপ্পান্ন হাজার) টাকার প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

১১.০ সভাপতি জানান যে, ২০২৩-২৪ অর্থবছরের সিলিং অনুযায়ী বন্টন এবং উন্নয়ন প্রকল্পের জন্য অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং এর অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ের মাধ্যমে সময়ানুযায়ী অর্থ বিভাগে ডি.ও পত্র প্রেরণ করা হবে যাতে করে উন্নয়ন প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদন করা যায়। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগণ সভাপতির বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

১২.০ সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(১) রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে তৎপর হতে হবে।

(২) অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং অনুযায়ী প্রস্তাবিত বাজেট ও প্রক্ষেপণ নির্ধারণসহ যৌক্তিকতা ও সর্বোচ্চ ব্যয় সংকোচন নীতি অবলম্বন করতে হবে।

(৩) উন্নয়ন প্রকল্পের চাহিদা অনুসারে ২০২৩-২৪ অর্থবছরে অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত সিলিং এর অতিরিক্ত বরাদ্দ প্রদানের বিষয়ে সময়মতো অর্থ বিভাগে ডি.ও পত্র প্রেরণ করতে হবে।

(৪) ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণ অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

(৫) ২০২২-২৩ অর্থবছরের নমুনা জরিপ সাধারণ থোক বরাদ্দ হতে পুনঃউপযোজনের মাধ্যমে 'ন্যাশনাল থ্যালাসেমিয়া সার্ভে ২০২৩' এবং 'বিবিএস সার্ভে, ডাটা সার্ভিস এবং সার্টিফিকেট ম্যানেজমেন্ট' কার্যক্রমের বরাদ্দ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

১৩.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০.০৩.২৩

ড. শাহনাজ আরেফিন এনডিসি
সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণের উপর বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC) এর সভায় কর্মকর্তাগণের উপস্থিতি:

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

তারিখ : ২৯ জানুয়ারি, ২০২৩ (রবিবার), সময়: দুপুর ১২.৩০ মিনিট

স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-এ) ও Zoom Platform

| ক্র. নং | নাম ও পদবি | বিভাগ/দপ্তর | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| | ফারুক আহমেদ<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন) | SID | 01715699177 | |
| | মো: মতিয়ার রহমান<br>DG | BBS | | |
| | কাজী নূরুল ইসলাম<br>উপমহাপরিচালক | BBS | 01711-302830<br>ddg@bbs.gov.bd | |
| | ড. মো: মঈনুল হক আনসারী<br>যুগ্ম সচিব | SID | 01711062757 | |
| | দিপংকর রায়<br>যুগ্মসচিব | SID | 01732363039<br>dr.roy.rd@gmail.com | |
| | | | | |
| | | | | |
| | মুহাম্মদ আবদুল্লাহ [illegible]<br>উপসচিব | SID | 01711166528 | |
| | মো: মাসুদ আলম<br>পরিচালক | বিবিএস | 01712-105769 | |

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৪-২৫ ও ২০২৫-২৬ অর্থবছরের প্রক্ষেপণের উপর বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC) এর সভায় কর্মকর্তাগণের উপস্থিতি:

সভাপতি : ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

তারিখ : ২৯ জানুয়ারি, ২০২৩ (রবিবার), সময়: দুপুর ১২.৩০ মিনিট

স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (ব্লক-এ) ও Zoom Platform

| ক্র. নং | নাম ও পদবি | বিভাগ/দপ্তর | মোবাইল/ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | রেহানা জেসমিন<br>উপপরিচালক | বিবিএস | 01712845467 | [signature] |
| | কামরুন্নাহার ইসলাম<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | [illegible] | 01767237437 | [signature] |
| | মো: শফিকুল ইসলাম<br>প্রোগ্রামার | BBS | 01726417343 | [signature] |
| | মো: জাকির হোসেন<br>এও/পিডিও | বিবিএস | 01718143249 | [signature] |
| | মো: সাইদুর রহমান<br>উপ-পরিচালক | BBS | 01718033843<br>saidurbbs@gmail.com | [signature] |
| | এম. এম. [illegible]জ্জামান<br>পরিচালক ([illegible]) | BBS | 01715700532<br>azzaman1453@yahoo.com | [signature] |
| | মো: মোস্তাফিজুর রহমান<br>উপসচিব | SID | 01914478320<br>[illegible]@yahoo.com | [signature] |
| | মো: [illegible]<br>প্রোগ্রামার | SID | 01999728672 | [signature] |
| | | | | |
| | | | | |